বাংলাদেশ অভ্যন্তরীন নৌপরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিস্কার।

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৩/২০২২

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/ ১১৬৬ তারিখ: ১৭/০৫/২০২২খ্রিঃ।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত ১৭ ক্যাটাগরির ৮৭ টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | বয়স সীমা | শূন্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১। | কনিষ্ঠ সহকারী নৌ-সংরক্ষণ ও পরিচালন তত্ত্বাবধায়ক/থার্ড অফিসার | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৪০ বৎসর | ০২ | মাধ্যমিক পাশসহ জাহাজে ৪ বছরের ক্যাডেট শীপের অভিজ্ঞতা এবং ২য় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট;<br>অথবা<br>বাংলাদেশ নৌ-বাহিনীর সীম্যান শাখায় চীপ পেটি অফিসার(এইচ, ই, টি/ এস এস সি) সহ শিক্ষানবিস থাকাকালীন সময়ে প্রার্থীদের অবশ্যই ২য় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সনদ হাসিল করতে হবে।<br>অথবা<br>বাঅনৌপক এর কনিষ্ঠ নদী জরিপকারী হিসাবে চাকুরীকাল ৮ বছর হতে হবে। |
| ০২। | সহকারী ইকো-সাউন্ডার প্রকৌশলী/ সহকারী যন্ত্রায়ন প্রকৌশলী /সহকারী টেলিকম্যুনিকেশন ইঞ্জিনিয়ার | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০১ | ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিক্স এ বিএসসি (ইঞ্জিঃ) অথবা এ, এম, আই, ই (ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিক্স) অথবা ফলিত পদার্থ (ইলেকট্রোনিক্স) এ স্নাতকোত্তর ডিগ্রী;<br>অথবা<br>সেনা/নৌ/বিমান বাহিনীর সংশ্লিষ্ট শাখার সদস্য যিনি পদ মর্যাদায় বিমান বাহিনীর ওয়ারেন্ট অফিসারের সমকক্ষ হবেন;<br>অথবা<br>ইলেকট্রিক্যাল/ইলেকট্রোনিক্স এ ডিপ্লোমা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট চাকুরীতে ৭ বৎসরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগকৃত প্রার্থীগণের শিক্ষানবিসকাল ২ বৎসর হবে, যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের উপর চাকুরীতে আত্নীকরণের বিষয়টি নির্ভর করবে। |
| ০৩। | নদী জরিপকারী | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০১ | স্নাতক পর্যায়ে অংকসহ হাইড্রোগ্রাফি/ওসানোগ্রাফিতে স্নাতক অথবা পদার্থ/ রসায়ন/গণিত/ভূগোল/ভু-প্রকৃতি বিদ্যায় স্নাতকোত্তর ডিগ্রী। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবিসকাল ২ বৎসর হবে যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফলাফলের উপর চাকুরীতে আত্নীকরণ করা হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪। | সহকারী পরিচালক (মানব সম্পদ), সহকারী পরিচালক (ওএন্ডএম), সহকারী পরিচালক (যানবাহন), সহকারী পরিচালক (সমন্বয়), সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসনিক কর্মকর্তা, সহকারী পরিচালক (শ্রম ও কল্যাণ), নৌকর্মচারী কর্মকর্তা, সহকারী পরিচালক (নৌ ও ক্রয়), সহকারী পরিচালক (বন্দর), সহকারী পরিচালক (নৌনিরাপত্তা ও ট্রাফিক), সহকারী পরিচালক (বৈদেশিক পরিবহন), সহকারী বন্দর কর্মকর্তা, ল্যান্ড অফিসার, ল্যান্ড এ্যাকুইজিশন অফিসার, সমন্বয় কর্মকর্তা। | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। |
| ০৫। | সহকারী পরিচালক (মেরিন সেফটি) | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নৌ-যান ও নৌ-যন্ত্র কৌশলে বা নৌ-স্থাপত্যে ১ম শ্রেণির স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৬। | প্রশিক্ষক (ডেক), ডিইপিটিসি | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০৩ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) অথবা Higher Education Test (H.E.T) সনদপ্রাপ্তসহ বাংলাদেশ নৌ-বাহিনীর সী-ম্যান শাখায় ১০(দশ) বৎসরের চাকুরী, যাহার মধ্যে লিডিং সী-ম্যান শিক্ষানবিস থাকাকালীন সময়ে ২য় শ্রেণির ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অর্জনসহ উক্ত পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস. সি) পরীক্ষায় উত্তীর্ণসহ ২য় শ্রেণির ইনল্যান্ড মাষ্টার সনদপ্রাপ্ত। |
| ০৭। | কনিষ্ঠ নদী জরিপকারী | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০৩ | গণিতসহ বি, এ, ডিগ্রী অথবা পদার্থ, রসায়ন ও গণিতসহ বি, এস, সি, ডিগ্রী। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবীসকাল ২ বৎসর হবে। যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল এর উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভরশীল থাকবে। |
| ০৮। | তত্ত্বাবধায়ক-কাম-রক্ষণাবেক্ষণকারী, গুদাম সহকারী ও সহকারী | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১২তম গ্রেডভুক্ত টাকা ১১,৩০০-২৭,৩০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ১৩ | স্নাতক ডিগ্রী। |
| ০৯। | সহকারী এবং কোষাধ্যক্ষ | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত টাকা ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০১ | বানিজ্যে স্নাতক ডিগ্রী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | ওয়েল্ডার | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১২ম গ্রেডভূক্ত টাকা ১১৩০০-২৭৩০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০২ | এস, এস, সি-সহ ওয়েল্ডিং কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে ৪ মাস মেয়াদী কোর্স পাসের সনদপত্র। |
| ১১। | নিম্নমান সহকারী/ মুদ্রাক্ষরিক/তৎসম | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০১ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান। |
| ১২। | ড্রাইভার | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০২ | এসএসসি পাসসহ মটর গাড়ী চালনার লাইসেন্স ইস্যুর তারিখ হতে আবেদনের শেষ তারিখে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে এবং লাইসেন্সের মেয়াদও ন্যূনতম ০৩ বৎসর হতে হবে। |
| ১৩। | গ্রীজার | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৭তম গ্রেডভুক্ত টাকা ৯,০০০-২১,৮০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০৬ | এস,এস,সি অথবা সমমানের যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে কিছু অভিজ্ঞতা। |
| ১৪। | লস্কর | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ৪১ | ডিইপিটিসি হতে ০১ বছর মেয়াদী কোর্স পাস অথবা এসএসসি পাস এবং সুস্বাস্থ্যের অধিকারী। |
| ১৫। | তোপাষ | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০১ | এসএসসি/সমমানের পাসসহ পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে অভিজ্ঞতা। |
| ১৬। | অফিস সহায়ক | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০৪ | এসএসসি/সমমানের পাস। |
| ১৭। | ঝাড়ুদার/পরিচ্ছন্নতা কর্মী | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০৩ | ৮ম শ্রেণি পাস। |

০২। ০১/০৫/২০২২ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।

০৩। আগ্রহী প্রার্থীদেরকে ২০/০৫/২০২২ হতে ৩১/০৫/২০২২ তারিখ পর্যন্ত শুধুমাত্র www.jobsbiwta.gov.bd এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।

০৪। আবেদন করার সময় ফরম পূরনের নিয়ম ও অন্যান্য শর্তাবলী www.jobsbiwta.gov.bd সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ক্রমিক নং-০১ হতে ০৭ এ বর্ণিত পদের জন্য ৩২০(তিনশত বিশ) টাকা এবং ক্রমিক নং-০৮-১৭ এ বর্ণিত পদের জন্য ২১৫/-(দুইশত পনেরো) টাকা হারে (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

০৫। আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে www.jobsbiwta.gov.bd ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।

০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।

০৭। চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।

০৮। ক্রমিক নং ১৩ হতে ১৭ এ বর্ণিত পদ সমূহে বিআইডব্লিউটিএ'তে দৈনিক ভিত্তিতে কর্মরত রীট পিটিশন নং-৭৭৩৯/২০১৮ মামলার বাদীগণের জন্য বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্যসহ অভিজ্ঞতার বিষয়ে অগ্রাধিকার প্রদান করা হবে।

০৯। বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স ৩০(ত্রিশ) বৎসর।

১১। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১৪। প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

(এস এম শাহেদ রেজা)
যুগ্ম-পরিচালক(মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা।